ভোরের কাগজ

তারিখ ... 24 JUL 1998 ...
পৃষ্ঠা 7 ... কলাম ... 1 ...

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে আবার ছাত্রলীগ-শিবির বন্দুকযুদ্ধ

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি** : গত বুধবারের ঘটনার জের ধরে গতকাল বেলা সাড়ে ১২টার দিকে ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ ও ছাত্রশিবিরের মধ্যে আবারো বন্দুকযুদ্ধ হয়েছে।

ছাত্রলীগ মূল ফটক দিয়ে মিছিল নিয়ে ক্যাম্পাসে ঢুকে প্রশাসন ভবনে এসে ছাত্র শিবির সমাজবিজ্ঞান অনুষদ এলাকা থেকে গুলি ছুড়তে থাকে। মুহূর্তের মধ্যে ক্যাম্পাস ছাত্র-ছাত্রী শূন্য হয়ে যায়। কিছুক্ষণ পর ছাত্রলীগ মূল ফটকের সামনে ও ছাত্রশিবির সবুজ চত্বরের পাশে অবস্থান নিয়ে গুলি ছুড়তে থাকে। এ সময় ছাত্রলীগ কর্মী আকতার আলী (দাওয়া বিভাগের ছাত্র) গুলিতে মারাত্মক আহত হলে তাকে জরুরি অবস্থায় কুষ্টিয়া হাসপাতালে পাঠানো হয়। একই সময় ফাঁকা গুলিতে আহম্মদ আলী মণ্ডল নামে এক রাজমিস্ত্রিও মারাত্মক আহত হয়। এই বন্দুকযুদ্ধের সময় ক্যাম্পাসে তিন শতাধিক পুলিশ নীরব ভূমিকা পালন করে। উভয় গ্রুপেই ভাড়াটে সন্ত্রাসী ছিল বলে জানা যায়। প্রত্যক্ষদর্শীদের কাছ থেকে জানা যায়, শিবির সন্ত্রাসীদের কয়েকজনকে বোরকা পরা অবস্থায় আধুনিক অস্ত্র ব্যবহার করতে দেখা গেছে।

পরে একজন ম্যাজিস্ট্রেট ও অর্ধশতাধিক পুলিশ ছাত্র শিবির কর্মীদেরকে হলে যাওয়ার জন্য অনুরোধ করে। এ সময়ও শিবির কর্মীদের প্রত্যেকের কাছেই অস্ত্র ছিল বলে জানা যায়।

ছাত্রদল গতকাল সন্ত্রাসীদের উপযুক্ত শাস্তি দাবি করে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। গতকালও সংঘর্ষের সময় একাডেমিক কাউন্সিল চলছিল।

বুধবারের সংঘর্ষের পর ঐদিন সন্ধ্যায় আবাসিক হলসমূহ তল্লাসি করে পুলিশ কোনো অস্ত্র খুঁজে পায়নি এমনকি কোনো সন্ত্রাসীকেও গ্রেপ্তার করতে পারেনি। গতকাল বেলা ১২টা পর্যন্ত সকল বিভাগের ক্লাসই সুষ্ঠুভাবে চলেছে। তবে কোনো পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।

গত বুধবারের ঘটনাকে কেন্দ্র করে ভিসি অফিস ভাঙচুরের সময় ছাত্রশিবির কর্তৃক সাদ্দাম হোসেন হলের প্রভোস্ট সাইফুল ইসলাম ও অভ্যন্তরীণ আইন উপদেষ্টা সেলিম তোহাসহ অপর ৫ জন শিক্ষককে শারীরিকভাবে লাঞ্ছিত করার তীব্র নিন্দা জানিয়েছেন বিশ্ববিদ্যালয় প্রগতিশীল শিক্ষকদের গ্রুপ শাপলা ফোরাম। তারা এক যুক্ত বিবৃতিতে ছাত্র শিবিরের সন্ত্রাসীদের উপযুক্ত শাস্তি দাবি করেছেন। এ রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাসে প্রায় তিনশত পুলিশ মোতায়েন ছিল এবং থমথমে অবস্থা বিরাজ করছিল। তবে এখন পর্যন্ত হল বন্ধের কোনো নির্দেশ দেওয়া হয়নি। একটি সূত্র থেকে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি নিয়ে আজ (শুক্রবার) সন্ধ্যা ৭টায় উপাচার্যের কুষ্টিয়াস্থ বাসভবনে এক জরুরি সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হবে।